# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৮২৬

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৩৭. স্বরব ক্বিরাআতের সালাতে (মুক্তাদীর) সূরাহ্ ফাতিহা পাঠ যে অপছন্দ করে

بَابُ مَنْ كَرِهَ الْقِرَاءَةَ بِفَاتِحَةِ الْكِتَابِ إِذَا جَهَرَ الإِمَامُ

আরবী

حَدَّثَنَا الْقَعْنَبِيُّ، عَنْ مَالِكٍ، عَنِ ابْنِ شِهَابٍ، عَنِ ابْنِ أُكَيْمَةَ اللَّيْثِيِّ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ رَسُولَ اللَّهِ صلي الله عليه وسلم انْصَرَفَ مِنْ صَلاَةٍ جَهَرَ فِيهَا بِالْقِرَاءَةِ فَقَالَ:هَلْ قَرَأَ مَعِيَ أَحَدٌ مِنْكُمْ آنِفًا؟، فَقَالَ رَجُلٌ: نَعَمْ، يَا رَسُولَ اللَّهِ، قَالَ:إِنِّي أَقُولُ مَالِي أُنَازَعُ الْقُرْآنَ؟، قَالَ: فَانْتَهَى النَّاسُ عَنِ الْقِرَاءَةِ مَعَ رَسُولِ اللَّهِ صلي الله عليه وسلم فِيمَا جَهَرَ فِيهِ النَّبِيُّ صلي الله عليه وسلم بِالْقِرَاءَةِ مِنَ الصَّلَوَاتِ حِينَ سَمِعُوا ذَلِكَ مِنْ رَسُولِ اللَّهِ صلي الله عليه وسلم، قَالَ أَبُو دَاوُدَ: رَوَى حَدِيثَ ابْنِ أُكَيْمَةَ هَذَا مَعْمَرٌ، وَيُونُسُ، وَأُسَامَةُ بْنُ زَيْدٍ، عَنِ الزُّهْرِيِّ، عَلَى مَعْنَى مَالِكٍ

- صحيح

বাংলা

৮২৬। আবূ হুরাইরাহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্বরব ক্বিরাআতের সালাত আদায় শেষে জিজ্ঞেস করেনঃ তোমাদের কেউ কি এইমাত্র আমার সাথে (সালাতে) কুরআন পাঠ করেছ? জবাবে এক ব্যক্তি বলেন, হ্যাঁ, হে আল্লাহর রসূল! তখন তিনি বলেন, তাইতো ভাবছিলাম আমার কুরআন পাঠে কেন বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

বর্ণনাকারী বলেন, এরপর থেকে লোকেরা জেহরী সালাতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে কিরাত করা থেকে বিরত থাকেন।

ইমাম আবূ দাঊদ (রহঃ) বলেন, ইবনু উকায়মাহর এ হাদীসটি মামার, ইউনুসও উসামাহ্ ইবনু যায়িদ যুহরী সূত্রে বর্ণনাকারী মালিকের হাদীসের অনুরূপ অর্থে বর্ণনা করেছেন।[1]

সহীহ।

## English

Narrated AbuHurayrah:

When the Messenger of Allah (ﷺ) finished a prayer in which he had recited (the Qur'an) loudly, he asked: Did any of you recite along with me just now? A man replied: Yes, Messenger of Allah. He said: I am wondering what is the matter with me that I have been contended with reciting the Qur'an. He said: When the people heard that from the Messenger of Allah (ﷺ) they ceased reciting (the Qur'an) along with him at the prayers in which he recited aloud.

Abu Dawud said: This tradition reported by Ibn Ukaimah has also been narrated by Ma'mar, Yunus, and Usamah b. Zaid on the authority of al-Zuhri similar to the tradition of Malik.

ফুটনোট

[1] তিরমিযী (অধ্যায়ঃ আবওয়াবুস সালাত, অনুঃ জেহরী ক্বিরাআতের ইমামের পিছনে ক্বিরাআত না পড়া সম্পর্কে, হাঃ ৩১২), নাসায়ী (অধ্যায়ঃ ইফতিতাহ, অনুঃ ইমামের পিছনে ক্বিরাআত পাঠকালে চুপ থাকা, হাঃ ৮৪৮), মালিক (৪৪) সকলে যুহরী সূত্রে। ইমাম তিরমিযী একে হাসান বলেছেন। আর আবূ হাতিম রাযী, ইবনু হিব্বান ও ইবনুল ক্বাইয়্যিম বলেছেন সহীহ।

দৃষ্টি আকর্ষণঃ হাদীসের বক্তব্যে বুঝা যায় যে, মুক্তাদীগণের মধ্যে কেউ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে সাথে স্বরবে ক্বিরাআত করেছিলেন। যার জন্য ইমাম হিসেবে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ক্বিরাআতে, বিঘ্ন সৃষ্টি হয়েছিল। ইতিপূর্বে আনাস ও আবূ হুরাইরাহ (রাঃ) বর্ণিত হাদীস দু’টিতে নীরবে পড়ার কথা এসেছে, যাতে বিঘ্ন সৃষ্টি না হয়। শাহ ওয়ালিউল্লাহ দেহলবী (রহঃ) বলেন, জেহরী সালাতে মুক্তাদীরা এমনভাবে সূরায়ে ফাতিহা পাঠ করবে, যাতে ইমামের ক্বিরাআতে বিঘ্ন সৃষ্টি না হয়- (হুজ্জাতুল্লাহিল বালিগাহ ২/৯)।অতএব নীরবে ইমামের পিছনে সূরায়ে ফাতিহা পড়লে ইমামের ক্বিরাআতে বিঘ্ন সৃষ্টির প্রশ্নই আসে না। উল্লেখ্য যে, হাদীসের শেষাংশে অতঃপর লোকেরা ক্বিরাআত থেকে বিরত হলো কথাটি ‘মুদরাজ’ যা ইবনু শিহাব যুহরী কর্তৃক সংযুক্ত। (নায়লুল আওত্বার ৩/৬৭)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 󠀠 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🔗 Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58144

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন